**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

নং-১০.০০.০০০০.১২৫.১৮/১.০০২.১৫-১৫৬ তারিখ-০৪/০৩/২০১৫খ্রিঃ

বিষয়ঃ- **পৌরসভা নির্বাচনে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রসঙ্গে।**

সূত্রঃ- নিবার্চন কমিশন সচিবালয়ের ২৩ ফেব্রুয়ারী ,২০১৫ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.১৪৬.১১.০০৭.১২-১৯ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন, ফরিদপুর জেলার মধুখালী উপজেলার মধুখালী পৌরসভার ও চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে যথাক্রমে ১২ ফেব্রুয়ারী ২০১৫ ও ১৫ ফেব্রুয়ারী ২০১৫ তারিখের ১৭.০০.২৯৫৬.০৩৪.৩৮.০০৭.১৪-৪২ এবং ১৭.০০.১৩২২.০৩৪.৩৮.০৩২.১০-৪৭নং স্মারক মূলে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নির্বাচনের সময়সূচি ঘোষনা করেছে। ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ২৯ মার্চ ২০১৫ তারিখ রবিবার উক্ত পৌরসভাসমূহের ভোটগ্রহণের দিন ধার্য করা হয়েছে।

০২। উক্ত নির্বাচন উপলক্ষে উপজেলা নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬এ বর্ণিত ক্ষমতাবলে ফরিদপুর জেলার মধুখালী উপজেলার মধুখালী ও চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভার নির্বাচনী এলাকায় বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, ৭৭ এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure,1898(Act No.V of 1898) এর sub-section (1) of section 190 এর অধীন আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা প্রয়োজন মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে।

০৩। দফা -২ এ উল্লিখিত অনুচ্ছেদসমূহের অপরাধ আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত উক্ত পৌরসভাসমূহের প্রতিটির জন্য ০১(এক) জন করে মোট ০২(দুই) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ম্যাজিস্ট্রেট-কে নির্বাচনী এলাকার ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোট গ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ২৭ মার্চ ২০১৫ হতে ৩০ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য নিয়োগের নিমিত্ত নির্বাচন কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেছে।

০৪। নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধের প্রেক্ষিতে দফা-২ এ উল্লেখিত অপরাধসমূহ আমলে নেওয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের এবং দফা-৩ এ বর্ণিত সময়ের জন্য উক্ত নির্বাচনী এলাকার জন্য নিম্নেবর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাদ্বয়-কে মনোনয়ন প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবী ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | জনাব মোঃ ফয়সাল আল মামুন | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর। |
| ২ | জনাব রাজীব কুমার বিশ্বাস | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর। |

০৪/০৩/১৫
(উৎপল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১(অঃ)।

কার্যার্থেঃ-

**সচিব**
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।
{দৃঃ আঃ বেগম অন্তরা ঘোষ, সিনিয়র সহকারী সচিব (আইন-২)}।

জ্ঞাতার্থেঃ-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশেকর অনুরোধসহ)